রেজিস্টার্ড নং ডি এ-১

Manager (ERAMB), Planning Dept.



# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৩, ২০০৩


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

## প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই আষাঢ় ১৪১০/১লা জুলাই ২০০৩

এস,আর,ও নং ১৯৬-আইন/২০০৩।—Petroleum Act, 1934 (XXX of 1934) এর section 4, 14(2), 21, 29 (1) এবং 30 (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যাহা উক্ত Act এর section 29 (2) এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ২৫ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখের গেজেটে প্রজ্ঞাপন নং এস, আর, ও ৫৬-আইন/২০০৩, তারিখ ২৪শে ফেব্রুয়ারি, ২০০৩ এর মাধ্যমে প্রাক-প্রকাশিত হইয়াছিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (৩) এ "কমপ্রেসর স্টেশন" শব্দগুলির পর "বা বুস্টার স্টেশন" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) দফা (৪) এর পর নিম্নরূপ দফাসমূহ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(৪ক) "কনডেনসেট" অর্থ গ্যাস হইতে উপজাত হিসাবে সংগৃহীত তরল, যাহা মূলতঃ পেট্রোলিয়াম জাতীয় পদার্থ;

(৪খ) "গ্যাদারিং লাইন" অর্থ গ্যাস কূপ হইতে গ্যাস প্রসেস প্লান্টে গ্যাস পরিবহনের জন্য ব্যবহৃত পাইপ লাইন;";

(গ) দফা (৫) এর পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৫) "গ্যাস" অর্থ শিল্প, বিদ্যুৎ, সার, বাণিজ্যিক, গৃহস্থালী বা অন্য যে কোন কার্যে ব্যবহৃত প্রাকৃতিক গ্যাস;";



মূল্য ঃ টাকা ৩.০০

(ঘ) দফা (৬) এর পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৬) "গ্যাস পরিবহন" অর্থ গ্যাস গ্যাদারিং, প্রবাহ, সঞ্চালন, বিতরণ বা সরবরাহ করা;";

(ঙ) দফা (৯) এ "regulator" শব্দটির পরিবর্তে "regulating" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(চ) দফা (১৪) এর পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১৪) "পাইপ" অর্থ গ্যাস পরিবহনের জন্য ব্যবহৃত পাইপ;";

(ছ) দফা (১৭) এর পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১৭) "বিতরণ লাইন" অর্থ এমন পাইপ লাইন যাহা সঞ্চালন লাইন বা মুখ্য বিতরণ লাইন হইতে গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে সার্ভিস লাইনে গ্যাস সরবরাহের জন্য ব্যবহৃত হয়;";

(জ) দফা (২০) এর পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(২০) "বৃটিশ কোড" অর্থ Institution of Gas Engineers, U.K. কর্তৃক প্রণীত কোড;";

(ঝ) দফা (২৩) এর পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(২৩) "মুখ্য বিতরণ লাইন" অর্থ এমন বিতরণ লাইন যাহা সঞ্চালন লাইন হইতে কোন নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে বাহির হইয়া গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্রের মাধ্যমে এক বা একাধিক বিতরণ লাইনে গ্যাস সরবরাহের জন্য ব্যবহৃত হয় ;";

(২) বিধি ৪ এর পর নিম্নরূপ বিধি সন্নিবেশিত হইবে, যথা :—

"৪ক। **পাইপ লাইন অপসারণ বা পুনঃস্থাপন।**—(১) ৫ (পাঁচ) বৎসর বা তদূর্ধ্ব সময়কাল ব্যবহার হয় নাই এইরূপ পাইপ লাইন বা পরিত্যক্ত পাইপ লাইন ও সংশ্লিষ্ট স্থাপনাদি অপসারণ বা পুনঃস্থাপন করিতে হইলে উক্ত বিষয়ে অনুমতি চাহিয়া প্রধান পরিদর্শকের নিকট লিখিত আবেদন পেশ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর উল্লিখিত আবেদন প্রাপ্তির পর প্রধান পরিদর্শক, সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে বিস্ফোরণ বা অগ্নি দুর্ঘটনার সম্ভাবনা আছে কিনা তাহা সরেজমিনে পরিদর্শন করিয়া, লিখিত অনুমতি প্রদান করিবেন অথবা সংশ্লিষ্ট বিষয়ে অধিকতর পরীক্ষণের প্রয়োজন হইলে আবেদনকারীকে নির্ধারিত ফি প্রদান করিতে নির্দেশ দিতে পারিবেন।

(৩) ফি প্রাপ্তির পর প্রধান পরিদর্শক স্বয়ং বা অপর কোন বিস্ফোরক পরিদর্শকের মাধ্যমে গ্যাস পরীক্ষণ যন্ত্রের সাহায্যে সংশ্লিষ্ট পাইপ লাইন এবং সংযুক্ত আবদ্ধ খালি স্থান (Confined Space) পরীক্ষা করিবেন এবং আবেদনকারীর গৃহীতব্য কার্যক্রম অগ্নিময় কাজ (Hot Work) এর জন্য নিরাপদ বিবেচিত হইলে তদমর্মে আবেদনকারীর অনুকূলে সনদপত্র প্রদান করিবেন।

ব্যাখ্যা ঃ'নির্ধারিত ফি' অর্থ সংশ্লিষ্ট কাজের জন্য সরকার কর্তৃক, সময় সময় নির্ধারিত ফি।";

(৩) বিধি ৬ এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধিসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—

"(৩) অন্তচাপ, বহির্চাপ এবং উহার তারতম্যজনিত পীড়ন (Stress) এবং ক্ষয়জনিত পুরুত্ব হ্রাস বিবেচনায় আনিয়া ডিজাইন সম্পন্ন করিতে হইবে।

(৪) বহির্চাপজনিত কম্পন, টর্সন (Torsion), তাপ হ্রাসজনিত পীড়ন, হাইড্রোস্টাটিক চাপ ও অন্যান্য ভেরিয়েবল ফ্যাক্টরসমূহ বিবেচনায় আনিয়া পাইপ লাইনের পুরুত্ব নির্ধারণ করিতে হইবে।

(৫) স্টীল পাইপের ডিজাইন নিম্নলিখিত সূত্র ব্যবহার করিয়া হিসাব করিতে হইবে ঃ

$$P=(2St/D)\times F\times E\times T$$

যেখানে—

P=ডিজাইন চাপ, প্রতি বর্গইঞ্চিতে পাউন্ড (পি.এস.আই.জি) :

S=ইলড্স্টেন্থ, পি.এস.আই.জি ;

D=পাইপের বাহ্যিক ব্যাস, ইঞ্চি ;

t=পাইপের গাত্রের পুরুত্ব, ইঞ্চি ;

F=ডিজাইন ফ্যাক্টর ;

E=লম্বালম্বি জয়েন্ট ফ্যাক্টর ;

T=তাপীয় প্রভাব ফ্যাক্টর বা তাপ ডিরেটিং ফ্যাক্টর।

(৬) প্লাস্টিক পাইপের ডিজাইন নিম্নোক্ত সূত্র হইতে নির্ণয় করিতে হইবে ঃ

$$P=(2St/D-t)\times 0.32$$

যেখানে—

P=ডিজাইন চাপ, পি.এস.আই.জি;

D=পাইপের বাহ্যিক ব্যাস, ইঞ্চি;

D=থার্মপ্লাস্টিকের দীর্ঘস্থায়ী চাপসহন ফ্যাক্টর;

t=পাইপের গাত্রের পুরুত্ব, ইঞ্চি।